গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই - সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | শীষ হায়দার চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | **২৯ সেপ্টেম্বর ২০২৪** |
| সভার সময় | **বিকাল ০৩:৩০ টা** |
| স্থান | সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট (উপসবচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা) সভায় আলোচ্যসূচির বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় এ বিভাগ হতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার), তথ্য অধিকার (আরটিআই) সংক্রান্ত গৃহীত কার্যক্রমসমূহের বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন ও অংশীজনদের নিকট হতে সেবার মানন্নোয়নে মতামত প্রদানের লক্ষ্যে মুক্ত আলোচনা করা হয়। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়:

**(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রমিক নং | সভার আলোচ্যসূচি | স্টেকহোল্ডারের নাম | মতামত | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ০১. | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | রফিজ উদ্দীন (মামুন)<br>বীর মুক্তিযোদ্ধা<br>সাভার, ঢাকা | তিনি উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিস বিশেষ করে ভূমি, সমাজসেবা, স্থানীয় সরকার, শিক্ষা অফিসসহ অন্যান্য সকল অফিসে শুদ্ধাচার বাস্তবায়নে আরো জোর দেওয়ার জন্য মতামত প্রদান করেন। সাধারণ জনগণের কল্যাণের নিমিত্ত উক্ত অফিসগুলোতে আরো বেশি স্বচ্ছতা, জবাবদিহিতা ও স্বজনপ্রীতি নিরসন করার নিমিত্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ যাতে আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করে সে বিষয়ে মন্ত্রিপরিষদ | ১. এ বিভাগের মাঠ পর্যায়ের কার্যালয়ে শুদ্ধাচার যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | মাঠ পর্যায়ের কার্যালয়ে শুদ্ধাচার যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | বিভাগের মাধ্যমে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে তিনি মতামত প্রদান করেন। | ২. রফিজ উদ্দীন (মামুন), বীর মুক্তিযোদ্ধা এর মতামত মন্ত্রিপরিষদ বিভাগের পরবর্তী শুদ্ধাচার বিষয়ক কোন সভায় এ বিভাগের একজন প্রতিনিধির মাধ্যমে তুলে ধরতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়। |
| | | শারমিন নাহার সহকারী সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, সাভার ঢাকা | জাতীয় শুদ্ধাচার কৌশল এর স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভার পরিবর্তে স্টেকহোল্ডারদের সমন্বয়ে প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করলে স্টেকহোল্ডারদের অংশগ্রহণ আরো বৃদ্ধি পাবে মর্মে মতামত প্রদান করেন। তাই তিনি স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা এর পরিবর্তে স্টেকহোল্ডারদের সমন্বয়ে প্রশিক্ষণ/সেমিনার আয়োজন বিষয়টি কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত করার জন্য মতামত ব্যক্ত করেন। | পরবর্তী অর্থবছরের কর্ম-পরিকল্পনায় স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভার পরিবর্তে প্রশিক্ষণ/সেমিনার আয়োজনে বিষয়টি অন্তর্ভূক্ত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার বিষয়ক যে কোন সভায় এ বিষয়ে মৌখিকভাবে উপস্থাপন করা যেতে পারে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে মতামত প্রদান করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) | মো: ওমর ফারুখ সাংবাদিক দৈনিক দেশ রূপান্তর | সভায় www.grs.gov.bd সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে অনলাইনে অভিযোগ দাখিলের বিষয়টি অবহিত করা হয়। ইত:পূর্বে তিনি অনলাইন অভিযোগ এর বিষয় অবগত ছিলেন না। ফলে এ বিষয়ে অবগত করার জন্য আইসিটি বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>অনলাইন অভিযোগ এর বিষয়ে অনেকেই অবগত নয়। ফলে কাঙ্ক্ষিত সেবা পেতে ব্যর্থ হলে ঘরে বসে অনলাইনে অভিযোগ দাখিল করতে পারচ্ছেন না। তাই এই অনলাইন অভিযোগ দাখিল এর মাধ্যমে সুফল ভোগ করার জন্য সর্বসাধারণের অবগতির জন্য এই রকম আরো সভা/কর্মশালা আয়োজন করার জন্য মতামত প্রদান করেন। | জিআরএস সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে অনলাইনে অভিযোগ দাখিলের বিষয়ে সর্বসাধারণকে অবগত করার জন্য আরো প্রচার-প্রচারণা করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | প্রচার-প্রচারণা করা হয়। |
| | | মো: রফিকুল ইসলাম সহকারী অধ্যাপক এম এম চাকলাদার মহিলা ডিগ্রী কলেজ | তিনি সভায় ব্যক্ত করেন যাদের স্মার্টফোন নেই তারা কিভাবে অনলাইনে অভিযোগ দাখিল করবে? এ প্রেক্ষিতে এ বিভাগের একজন প্রতিধিনি জানান যে, যাদের স্মার্ট ফোন নেই তারা ৩৩৩ নম্বরে ফোন করেও অভিযোগ দাখিল করতে পারবেন।<br>কিন্তু ৩৩৩ এর মাধ্যমে অভিযোগ দাখিল এর বিষয়টি অনেকেই অবগত নয়। তাই এ বিষয়ে আরো প্রচার-প্রচারণার জন্য মতামত প্রদান করেন। | ৩৩৩ এর মাধ্যমে অভিযোগ দাখিল এর বিষয়ে আরো প্রচার-প্রচারণা করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | ৩৩৩ এর মাধ্যমে অভিযোগ দাখিল এর বিষয়ে প্রচার-প্রচারণা করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) | মো: আ: কাদের তালুকদার সাবেক উপপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমী | তিনি জানান মাঠ পর্যায়ের অনেক সরকারি অফিসে সিটিজেনস চার্টার থাকা সত্ত্বেও খুজে পাওয়া যায় না। তাই মাঠ পর্যায়ের সিটিজেনস চার্টারকে আপডেট করে দৃশ্যমান স্থানে রাখার জন্য মতামত প্রদান করেন। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ের সিটিজেনস চার্টার যদি আপডেট না থাকে তাহলে তা আপডেট করে দৃশ্যমান স্থানে রাখতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয় | সিটিজেনস চার্টার দৃশ্যমান স্থানে রাখার জন্য সকল দপ্তর/সংস্থাকে অবহিত করা হয়েছে। |
| | | জোহরা বেগম যুগ্মসচিব তথ্য ও যোগাযোগ প্রযু্ক্তি বিভাগ | সভায় সকলকে সিটিজেনস চার্টারের বিষয়ে অবগত করতে গিয়ে সাভার উপজেলার আওতাধীন বিভিন্ন সরকারি অফিসের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করেন। পরিবীক্ষণান্তে দেখা যায়, উক্ত উপজেলায় অধিকসংখ্যক অফিসের সিটিজেনস চার্টার সঠিক ও আপডেট নেই। তাই  সঠিকভাবে সিটিজেনস চার্টার প্রস্তুত ও আপডেট করে তা দৃশ্যমান স্থানে রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদান করেন। | দ্রুত সাভার উপজেলার আওতাধীন সকল সরকারি অফিসের সিটিজেনস চার্টার সঠিকভাবে প্রস্তুত ও আপডেট করে তা দৃশ্যমান স্থানে রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা যেতে পারে। | আইসিটি বিভাগ | সাভার উপজেলার আওতাধীন সকল সরকারি অফিসের সিটিজেনস চার্টার সঠিকভাবে প্রস্তুত ও আপডেট করে তা দৃশ্যমান স্থানে রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা হয়েছে। |
| ০৪. | তথ্য অধিকার (RTI) | ফজলুল হক যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | বিভিন্ন সরকারি অফিসে তথ্য চাওয়া হলে তারা তা প্রদান করতে চায়না। এর ফলে বিভিন্ন তথ্য প্রাপ্তিতে হয়রানির সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে এ বিভাগের প্রতিনিধি জানান কিছু তথ্য প্রাপ্তির ক্ষেত্রে তথ্য চাহিতকারী ব্যক্তিকে ফি প্রদান করতে হয়। তাছাড়া কিছু তথ্য সরকারের স্বার্থে গোপনীয় রাখার বিধান রয়েছে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের সকল অফিস কর্তৃক যথাযথভাবে তথ্য প্রদান করা হয় কিনা তা পর্যবেক্ষণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা | এ বিভাগের তথ্য কর্মকর্তা কর্তৃক পর্যবেক্ষণ করা হয়। |
| | | | | সাভার উপজেলার সকল অফিসকে যথাযথভাবে তথ্য প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অবহিত করতে হবে। | আইসিটি বিভাগ | সাভার উপজেলার সকল অফিসকে যথাযথভাবে তথ্য প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অবহিত করা হয়েছে। |

**(খ) <u>সভার আলোচনা</u>:** সভায় আগত স্টেকহোল্ডারদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে স্টেকহোল্ডারগণ নিম্নবর্ণিত আলোচনা ও মতামত প্রদান করেন:

| **ক্রমিক নং** | **স্টেকহোল্ডারের নাম** | **মতামত** | **সভার সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | জনাব পুলক ধর<br>গেইম ডেভেলপার<br>ন্যাপটেক ল্যাবস লিমিটেড | জনাব পুলক ধর জানান যে, আন্তর্জাতিক মার্কেট প্লেসে আইটি সেক্টরে মোবাইল গেইম ও এ্যাপস ডেভেলপমেন্ট এর কাজের মাধ্যমে প্রচুর অর্থ উপার্জনের সুযোগ রয়েছে। বিশ্বের বিভিন্ন দেশ এ সেক্টর হতে প্রচুর অর্থ উপার্জন করছে। বাংলাদেশের সেই সুযোগ থাকা সত্ত্বেও সঠিক গাইডলাইন ও পর্যাপ্ত এ্যাডভান্স ট্রেনিং এর অভাবে উক্ত সেক্টর হতে অর্থ উপার্জন সম্ভব হচ্ছে না। তাই তিনি মোবাইল গেইম ও এ্যাপস ডেভেলপমেন্ট বিষয়ে আরও পর্যাপ্ত এ্যাডভান্স ট্রেনিং ও সঠিক গাইডলাইন এর মাধ্যমে উক্ত মার্কেট প্লেসে কাজের সুযোগ তৈরীর জন্য এ বিভাগের সহযোগিতা চেয়েছেন। | মোবাইল গেইম ও এ্যাপস ডেভেলপমেন্ট বিষয়ে আরও পর্যাপ্ত এড্যাভান্স ট্রেনিং ও সঠিক গাইডলাইনের বিষয়ে সহযোগিতার জন্য স্টেকহোল্ডারগণ হতে লিখিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ০২. | জনাব প্রান্ত কুমার<br>ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী<br>আক্কেলপুর<br>জয়পুরহাট | জনাব প্রান্ত কুমার জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে ডিজিটাল মার্কেটিং বিষয়ে ৪০দিনের যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল তা পর্যাপ্ত নয় বিধায় উক্ত প্রশিক্ষণের সময় বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। | উক্ত প্রশিক্ষণের সময় বৃদ্ধি করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কে অবহিত করা যেতে পারে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৩. | জনাব তামান্না তাসনিম সুপ্তি<br>গেইম ডেভেলপার | জনাব তামান্না তাসনিম জানান যে, শুধুমাত্র ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে একজন প্রশিক্ষণার্থী সফলতা লাভ করতে সক্ষম হয় না। তাই প্রশিক্ষণের পাশাপাশি প্রশিক্ষণ শেষে সকল প্রশিক্ষণার্থীকে নার্সিং করে হাতে কলমে কর্মসংস্থানে প্রবেশ করিয়ে ইনকামের সুযোগ সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নিকট বিনীত অনুরোধ করেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা/প্রকল্প হতে আগামীতে যে সকল ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করা হবে সে সকল প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের পাশাপাশি প্রশিক্ষণ শেষে সকল প্রশিক্ষণার্থীদের নার্সিং করে হাতে কলমে কর্মসংস্থানে প্রবেশ করিয়ে ইনকামের সুযোগ সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা/প্রকল্প |
| ০৪. | জনাব বুশরা হোসাইন<br>ডক্টরাল/২০২২<br>বাংলাদেশ ইউনিভার্সিটি অফ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | জনাব বুশরা হোসাইন জানান যে, এ বিভাগ হতে শুধু গবেষণার নিমিত্ত ফেলোশিপ প্রদান করা হয় কিন্তু গবেষণাপত্র জার্নালে প্রকাশ করার জন্য কোন অর্থ প্রদান করা হয় না। তাই গবেষণার পাশাপাশি তা জার্নালে প্রকাশ করার জন্য কোন অর্থ প্রদান করা যায় কিনা মর্মে সভায় অবহিত করেন। | গবেষণার পাশাপাশি জার্নালে প্রকাশ করা ও বিদেশে গবেষণা সংক্রান্ত কনফারেন্সে অংশগ্রহণের জন্য কোন অর্থ প্রদান করা যায় কিনা তা পর্যালোচনা করা যেতে পারে।। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | জনাব রাবেয়া সুলতানা মিম স্নাতকোত্তর/২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয় | জনাব রাবেয়া সুলতানা মিম জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউটে এ বিভাগ কর্তৃক একটি আধুনিক এ্যানিমেশন ল্যাব প্রতিষ্ঠা করা হলেও রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত জনবল না থাকায় এটি অরক্ষিত অবস্থায় আছে এবং এটি বর্তমানে ব্যবহৃত হচ্ছে না। বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে এটি আরোও ভালোভাবে ব্যবহার করা যেতে পারে।<br>তিনি আরোও জানান যে, চারুকলা ইন্সটিটিউটে একটি এ্যানিমেশন বিভাগ ওপেন করলে ভালো হয়। | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউট কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে এ বিষয়ে কোন প্রস্তাব প্রেরণ করা হলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পর্যালোচনা করা যেতে পারে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

(গ) সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০১-১০-২০২৪
শীষ হায়দার চৌধুরী
সচিব
secretary@ictd.gov.bd

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০১.২১.১১০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো];
২। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৩। যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;
৪। উপসচিব , আইসিটি প্রমোশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), লজিস্টিক সেবা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৭। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৮। সহকারী সচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৯। মিলন বকসী, স্নাতকোত্তর/২০২৩, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়;
১০। মোঃ দেলোয়ার হোসেন, স্নাতকোত্তর/২০২১, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়;
১১। রাবেয়া সুলতানা মিম, স্নাতকোত্তর/২০২২, ঢাকা বিশ্ববিদ্যালয়;
১২। বুশরা হোসাইন, ডক্টরাল/২০২২, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি;
১৩। জান্নাহ মোহাম্মাদ, ডক্টরাল/২০১৯, সিএসই বিভাগ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;
১৪। প্রান্ত কুমার, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী, আক্কেলপুর, জয়পুরহাট;
১৫। গোলাম রাব্বী, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী, আক্কেলপুর, জয়পুরহাট;
১৬। সাজিম, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী, আক্কেলপুর, জয়পুরহাট;
১৭। আব্দুল্লাহ, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী, আক্কেলপুর, জয়পুরহাট;

১৮। রিয়াদ রহমান,ফ্রিল্যান্সিং প্রশিক্ষাণার্থী, আক্কেলপুর, জয়পুরহাট;
১৯। আতিয়া আশরাফি প্রমা, ডিজিটাল মার্কেটিং ,নারায়ণগঞ্জ সদর।;
২০। ফাহমিদা কবির, গ্রাফিক্স ডিজাইন (ব্যাচ-১), নারায়ণগঞ্জ সদর;
২১। উম্মে হাবিবা নিপা,গ্রাফিক্স ডিজাইন (ব্যাচ-১) নারায়ণগঞ্জ সদর;
২২। মৌসুমি সাহা, MAN-SAD-ISP-03 গ্রামঃ জয়রা, থানা&জেলাঃ মানিকগঞ্জ;
২৩। সুমি আক্তার, MAN-SAD-ISP-03 গ্রামঃ গড়পাড়া, থানাঃ মানিকগঞ্জ জেলাঃ মানিকগঞ্জ;
২৪। Tamanna Tasnim Supti, Game Developer;
২৫। Mubtasim Alvee, Game Developer;
২৬। PULAK DHAR, Game Developer, Company: NAPTECH LABS LTD এবং
২৭। REYAD HOSSEN, Game Artist, Company: NAPTECH LABS LTD।

০৩-১০-২০২৪
মোহাম্মদ আমিনুল এহসান
উপসচিব